

জেলা

চুয়েটের ভর্তি পরীক্ষা ১৭ জানুয়ারি

প্রতিনিধি চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৮ অক্টোবর ২০২৫, ১০: ০৯



×

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১৭ জানুয়ারি অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ১৬২তম (জরুরি) সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণের বিষয়টি নিশ্চিত করেছেন কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি এবং চুয়েটের তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুষদের ডিন কাজী দেলোয়ার হোসাইন। তিনি প্রথম আলোকে বলেন, ‘আমরা প্রাথমিকভাবে ১৭ জানুয়ারি ভর্তি পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত নিয়েছি। শিগগিরই ভর্তি পরীক্ষায় আবেদনের যোগ্যতা, শর্তাবলি ও সময়সূচি-সংক্রান্ত যাবতীয় তথ্য ভর্তির বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হবে।’

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, এবার পুরকৌশল, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল এবং যন্ত্রকৌশল ও স্থাপত্য অনুষদের মোট ১২টি বিভাগে মোট ৯৩১টি আসন রয়েছে। এর মধ্যে ১১টি আসন সংরক্ষিত। ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ নিয়ে গঠিত ‘ক’ গ্রুপ এবং ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, স্থাপত্য বিভাগ নিয়ে গঠিত ‘খ’ গ্রুপে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবারের ভর্তি পরীক্ষায় ‘ক’ গ্রুপের জন্য ২০২৫ সালের পাঠ্যসূচি অনুযায়ী গণিত, পদাৰ্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি বিষয়ের ওপর লিখিত পদ্ধতিতে ৫০০ নম্বরের পরীক্ষা হবে। তবে ‘খ’ গ্রুপের জন্য ৫০০ নম্বরের লিখিত পরীক্ষার পাশাপাশি অতিরিক্ত মুক্তহস্ত অঙ্কনের ২০০ নম্বরসহ মোট ৭০০ নম্বরের পরীক্ষা হবে। এ ক্ষেত্রে গণিত, পদাৰ্থবিদ্যা ও রসায়নের প্রতিটিতে ১৫টি এবং ইংরেজি বিষয়ে ৫টি প্রশ্ন থাকবে।

